

০৫ শ্রাবণ ১৪২৯

২০ জুলাই ২০২২

এফজিসিসি/প্রশা-১১৬/৭৩৮

## ক্যাডেটদের ছুটিতে গমন বিষয়ক নির্দেশনা

১। ক্যাডেট কলেজের নিয়ম অনুযায়ী সকল ক্যাডেটরা বিভিন্ন অবকাশ/পর্ব সমাপ্তি ছুটিতে গৃহে গমন করে থাকে এবং কলেজের কার্যক্রম চলাকালীন যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন ক্যাডেটের কলেজ ত্যাগ/অনুপস্থিতির বিধান নেই। তবে নিম্নলিখিত কারণ সমূহের জন্য একজন ক্যাডেটকে নির্ধারিত সময়ের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ছুটি প্রদান করা হয়ে থাকে।

ক্রমিক নং	ছুটির কারণ	সর্বোচ্চ সময়সীমা	মন্তব্য
ক।	পরিবারের নিকটতম ব্যক্তিদের মৃত্যু (বাবা, মা, ভাই, বোন, দাদা/নানা, দাদী/নানী এবং নিকট আত্মীয়)	০৫ দিন	কলেজ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনযোগ্য
খ।	নিজ ভাই/বোনের বিয়ে	০৫ দিন	কলেজ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনযোগ্য
গ।	মুসলিম ব্যতীত অন্যান্য ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব	০৫ দিন	কলেজ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনযোগ্য
ঘ।	অসুস্থতার কারণে কোন ক্যাডেট কলেজের কার্যক্রমে অংশগ্রহণ করতে অপারগ হলে এবং কলেজ মেডিক্যাল অফিসার কর্তৃক সুপারিশকৃত	১৪ দিন	সেনাসদরকে অবগতি সাপেক্ষে অধ্যক্ষ কর্তৃক অনুমোদনযোগ্য
ঙ।	অসুস্থতার কারণে কোন ক্যাডেট কলেজের কার্যক্রমে অংশগ্রহণ করতে অপারগ হলে এবং কলেজ মেডিক্যাল অফিসার কর্তৃক সুপারিশকৃত	১৪ দিনের অধিক	সেনাসদর কর্তৃক অনুমোদন সাপেক্ষে
চ।	অন্যান্য যে কোন ধরনের/মেয়াদের ছুটি	সেনাসদরের পূর্ব অনুমোদন সাপেক্ষে	

২। ক্যাডেট কলেজের নিয়ম বিবেচনা করে সকল অভিভাবককে অবকাশ ছুটি ও উপরে উল্লিখিত কারণ ব্যতীত ক্যাডেটের ছুটির আবেদন না করার জন্য অনুরোধ করা হলো।

৩। ক্যাডেটদের বহিঃ বাংলাদেশ ছুটির ক্ষেত্রে সেনাসদরের পূর্ব অনুমোদন প্রয়োজন হয় এবং কলেজ চলাকালীন সময়ে বহিঃ বাংলাদেশ ছুটি প্রদান করা হয় না। তবে ক্যাডেটের অসুস্থতার ক্ষেত্রে যথাযথ চিকিৎসাপত্রের ভিত্তিতে বিশেষ বিবেচনায় কলেজ অধ্যক্ষের সুপারিশক্রমে বহিঃ বাংলাদেশ ছুটি প্রদান করা হয়ে থাকে। এপ্রেক্ষিতে ক্যাডেটের অসুস্থতা ব্যতীত অন্যান্য কারণে কলেজ চলাকালীন সময়ে বহিঃ বাংলাদেশ ছুটির আবেদন না করার জন্য সকল অভিভাবককে অনুরোধ করা হলো।

৪। বিষয়টি আপনাদের পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ তৌফাজ্জল হোসেন  
অধ্যক্ষ

বিতরণ :

বহির্গমন :

কার্যক্রম :

সকল অভিভাবকবৃন্দ - ওয়েবসাইটের মাধ্যমে